রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৬, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**বীমা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ ফাল্গুন ১৪১৯ বঙ্গাব্দ/২৬ ফেব্রুয়ারি ২০১৩ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং-৫৩-আইন/২০১৩।**—বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১৪৬, ধারা ২২ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **শিরোনাম ও প্রযোজ্যতা।**—(১) এই বিধিমালা বিদেশী উদ্যোক্তা কর্তৃক শেয়ার ক্রয় বা ধারণ (শর্তাদি নির্ধারণ) বিধিমালা, ২০১৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা বাংলাদেশে বীমা ব্যবসা পরিচালনারত বিদ্যমান বিদেশী কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;



মূল্য ঃ টাকা ৪.০০

(গ) "বীমা" অর্থ পলিসি এবং চুক্তি অথবা অন্য যে কোন নামে প্রিমিয়াম গ্রহণ সাপেক্ষে কোন ব্যক্তি অন্য ব্যক্তিকে, চুক্তিতে উল্লিখিত কোন ঘটনা যে ঘটনায় দ্বিতীয় উল্লিখিত ব্যক্তি ক্ষতিগ্রস্ত হয় উহা সংঘটিত হওয়া সাপেক্ষে, অর্থ প্রদানের অংগীকারপূর্বক লিপ্ত হওয়ার ও নিয়োজিত থাকিবার ব্যবসা, লাইফ ইন্স্যুরেন্স চুক্তিসহ পুনঃ বীমা, এবং প্রত্যর্পণ বীমাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঘ) "বীমাকারী" অর্থ বাংলাদেশে বা বাংলাদেশের বাহিরে বাংলাদেশের আইন বা অন্য কোন রাষ্ট্রের আইনে নিগমিত বা নিবন্ধিত এইরূপ কোন কোম্পানি, সমিতি বা সংবিধিবদ্ধ সংস্থা, যাহা—

(১) বাংলাদেশে বীমা ব্যবসা পরিচালনা করে; বা

(২) বীমা ব্যবসার উদ্দেশ্যে বাংলাদেশে কোন প্রতিনিধি নিয়োগ করে কিংবা বাংলাদেশের অভ্যন্তরে ব্যবসায়িক কার্যালয় স্থাপন করে;

(ঙ) "শেয়ার" অর্থ কোম্পানীর মূলধনের কোন অংশ এবং ব্যক্ত বা অব্যক্তভাবে কোন ষ্টক ও শেয়ারের পার্থক্য প্রকাশ পাইলে সেই ষ্টক ব্যতীত, অন্যান্য ষ্টকও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **বিদেশী উদ্যোক্তা কর্তৃক শেয়ার ক্রয় বা ধারণের শর্তাদি।**—বিদেশী উদ্যোক্তা কর্তৃক বাংলাদেশে নিবন্ধিত বীমাকারীর শেয়ার ক্রয় বা ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাদি প্রতিপালন করিতে হইবে, যথাঃ—

(ক) যৌথ উদ্যোগে বীমা কোম্পানী গঠনের ক্ষেত্রে বীমাকারীর শেয়ার ক্রয় বা ধারণ বা বীমা খাতে বিনিয়োগ করা যাইবে;

(খ) বাংলাদেশে নিবন্ধিত কোন বীমাকারীর শেয়ার বাংলাদেশীদের সহিত যৌথভাবে ক্রয় বা ধারণের ক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্বানুমতির জন্য নিম্নবর্ণিত দলিল ও তথ্যাদি দাখিল করিতে হইবে ঃ

(১) বিদেশী উদ্যোক্তার নিজ দেশে বীমা ব্যবসার সনদের কপি;

(২) বিদেশী উদ্যোক্তার নিজ দেশে বীমা ব্যবসার গঠনতন্ত্র, সংঘস্মারক ও সংঘবিধি বা তৎসংশ্লিষ্ট অন্য কোন দলিলের সত্যায়িত অনুলিপি এবং উক্ত দলিল ইংরেজীতে না হইলে উহার একটি নির্ভরযোগ্য (Authentic) ইংরেজী অনুবাদ;

(৩) বাংলাদেশে নিবন্ধিত বীমাকারীর সহিত সম্পাদিত সমঝোতা স্মারক বা চুক্তি বা অন্য কোন আইনানুগ দলিল;

(৪) বিদেশী উদ্যোক্তা কোন কোম্পানি হইলে উহার পরিচালকদের নাম, ঠিকানা ও শেয়ারের পরিমাণ;

(৫) আবেদনকারী কোন কোম্পানি হইলে উক্ত কোম্পানির পরিচালনা পরিষদের সিদ্ধান্তের কপি;

(৬) বিদেশী উদ্যোক্তা কোন কোম্পানি হইলে উহার বিগত ৩ (তিন) বৎসরের হিসাব বিবরণী;

(৭) সরকার বা কর্তৃপক্ষ কর্তৃক, সময় সময়, চাহিত অন্যান্য দলিল ও তথ্যাদি;

(গ) বিদেশী উদ্যোক্তা কর্তৃক ক্রীত বা ধারণকৃত শেয়ারের মূল্য বাবদ অর্থ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ডিলারের মাধ্যমে লেনদেন করিতে হইবে;

(ঘ) বিদেশী উদ্যোক্তা কর্তৃক শেয়ার ক্রয় বা ধারণের ক্ষেত্রে বাংলাদেশে বিদ্যমান বৈদেশিক মুদ্রা আইন, বিধি ও নীতিমালা অনুসরণ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আফরোজা খানম**
সিনিয়র সহকারী সচিব।

ড. মোঃ আলী আকবর (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd